তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# রাজেন্দ্র কলেজের ৮৪৭ জন মাস্টার্স পরীক্ষার্থীর ভাগ্যে কি আছে?

**ফরিদপুর প্রতিনিধি**

রাজেন্দ্র কলেজ কেন্দ্রে ১৯৯৮ সালের মাস্টার্স শেষবর্ষের ৮৪৭ জন পরীক্ষার্থী প্রচণ্ড ক্ষোভ-দুঃখ ও হতাশায় ভেঙে পড়েছেন। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষার অনুকূল পরিবেশ না থাকায় রাজেন্দ্র কলেজ কেন্দ্র বাতিল করায় তারা গভীর উৎকণ্ঠার মধ্যে রয়েছেন। একজন ছাত্রনেতাকে নকল করতে না দেয়াকে কেন্দ্র করে রোববারের নজিরবিহীন ঘটনায় ভণ্ডুল হয়ে যাওয়া পরীক্ষাসহ পরবর্তী [illegible]

[illegible] হবে সে ব্যাপারে পরীক্ষার্থীরা এখনও অন্ধকারে রয়েছেন। ২৪ মার্চ মাস্টার্স শেষবর্ষের পরীক্ষা রয়েছে। ১৮ মার্চের ভণ্ডুল হয়ে যাওয়া পরীক্ষা পুনরায় গ্রহণের দাবিতে গতকাল সকালে কলেজ ক্যাম্পাসে সাধারণ ছাত্রছাত্রীরা বিক্ষোভ সমাবেশ করেন এবং জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বেলা ১১টা থেকে দুপুর পর্যন্ত অনশন ধর্মঘট পালন করেন। অনশন চলাকালে বহু ছাত্রকে কাঁদতে দেখা যায়। তারা কেঁদে কেঁদে তাদের অসহায় অবস্থার কথা জেলা প্রশাসক আশফাক হামিদকে [illegible] যথাসময়ে সুষ্ঠুভাবে পরীক্ষায় বসতে পারে সে ব্যাপারে কর্তৃপক্ষের সঙ্গে জেলা প্রশাসক কথা বলার আশ্বাস প্রদান করায় ছাত্ররা অনশন ভঙ্গ করেন। ছাত্ররা তাদের অনশন ভঙ্গের পর শহরে শান্তিপূর্ণ মিছিল বের করে এবং পরীক্ষা অনুষ্ঠানের দাবিতে স্লোগান দেয়। তবে অনশন ও মিছিলে নেতৃত্ব প্রদানকারী কয়েকজন ছাত্র জানিয়েছেন, মঙ্গলবার সন্ধ্যার মধ্যে ১৮ মার্চে তাদের ভণ্ডুল হয়ে যাওয়া পরীক্ষা পুনরায় গ্রহণের ব্যাপারে সুস্পষ্ট কোন ঘোষণা না পেলে আজ বুধবার থেকে তারা

রাজেন্দ্র কলেজ : পৃষ্ঠা : ১৫ কলাম : ৫

## রাজেন্দ্র কলেজ : পরীক্ষার্থী

(শেষ পৃষ্ঠার পর)

ফরিদপুরের উপর দিয়ে সবধরনের যানবাহন চলাচল বন্ধ করে দেবেন।

কলেজ ক্যাম্পাসে সাধারণ ছাত্রদের সমাবেশে বক্তারা ১৮ মার্চের নজিরবিহীন ঘটনার জন্য কলেজের ভিপি ও ছাত্রলীগ নেতা তাওফিক হোসেন পুচ্চিকে দায়ী করে তার দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন।

আজ বুধবার জেলা ছাত্রলীগ ভিপি তাওফিক হোসেন পুচ্চির বিরুদ্ধে মামলা এবং পুলিশের হয়রানির প্রতিবাদে স্থানীয় জনতা ব্যাংকের মোড়ে এক প্রতিবাদ সভার আয়োজন করেছে।